5

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ১

# বরিশাল ক্যাডেট কলেজের অনন্য রেকর্ড

মাইনুল হাসান ॥ যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় বরিশাল ক্যাডেট কলেজ রেকর্ড স্থাপন করিয়াছে। বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকার

( ১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## বরিশাল ক্যাডেট

(১ম পৃঃ পর )

২০টি আসনের মধ্যে এ কলেজ ১৩টি আসন লাভ করে। মেধা তালিকার প্রথম ৬টি স্থান এ কলেজের ছাত্ররা দখল করে। সমাজ বিজ্ঞানের মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজ দখল করিয়াছে দুইটি স্থান। বিজ্ঞান বিভাগে কলেজ হইতে ৪১ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। সকলেই ষ্টার মার্ক পায়। সমাজ বিজ্ঞানে ৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৮ জন ষ্টার মার্ক পাইয়াছে। কলেজের অধ্যক্ষ মোহাম্মদ শামসুদ্দোহা জানান; কলেজ প্রতিষ্ঠার পর এত ভাল ফলাফল আর হয় নাই। যশোর বোর্ডে এ বছর এ কলেজের স্থান শীর্ষে।